তারিখ 27 MAY 2009
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

# বরিশাল শিক্ষা বোর্ডে পাসের হার কম : বেড়েছে জিপিএ-৫

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

বরিশাল শিক্ষা বোর্ডে এবার পাসের হার ৬৫ দশমিক, ৬৩ শতাংশ। গতবারের তুলনায় এবার পাসের হার গতবছর পাসের হার ছিল ৬৮ দশমিক ৭৭। তবে জিপিএ-৫ গতবারের চেয়ে এবার সামান্য কিছু বেড়েছে। এবার জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৬৮৮ জন। গত বছর ওই সংখ্যা ছিল ১ হাজার ৬৫৯ জন।

বরিশাল শিক্ষা বোর্ডে এবার মোট পরীক্ষার্থী ছিল ৪৮ হাজার ৪৯৫ জন। এর মধ্যে পাস করেছে ৩১ হাজার ৮২৬ জন। জিপিএ-৫ প্রাপ্তদের মধ্যে বিজ্ঞান বিভাগে ১ হাজার ৪ জন, মানবিক বিভাগে ১০৩ জন এবং বাণিজ্য বিভাগে ৪৮১ জন। আর জিপিএ-৫ প্রাপ্তদের মধ্যে ছাত্র ১ হাজার ৩ জন এবং ছাত্রী ৬৮৫ জন।

বরিশাল বোর্ডে শতভাগ পাসের তালিকায় এবারও বরিশাল ক্যাডেট কলেজ রয়েছে। বরিশাল ক্যাডেট কলেজ ৪৯ জন পরীক্ষার্থীর সবাই জিপিএ-৫ সহ পাস করে শতভাগ পাসের সাফল্য আদায় করে নিয়েছে। এবার নতুন চমক দেখিয়েছে ভোলা সরকারি মাধ্যমিক বিদ্যালয়। এই বিদ্যালয়ের ৭৪ জন পরীক্ষার্থীর মধ্যে ৩১ জন জিপিএ-৫ সহ শতভাগ পরীক্ষার্থী পাস করেছে।

তবে সর্বোচ্চ জিপিএ-৫ পেয়েছে বরিশাল জিলা স্কুল। জিলা স্কুলের

বেড়েছে পৃ: ১১ ক: ৩

বেড়েছে : জিপিএ-৫
(১২ পৃষ্ঠার পর)

২৫৬ জন পরীক্ষার্থীর ভেতর পাস করেছে ২৪৯ জন। জিপিএ-৫ পেয়েছে ১২২ জন। এরপরই গতবারের মতোই দ্বিতীয় অবস্থানে রয়েছে বরিশাল সরকারি বালিকা বিদ্যালয় এবার ওই বিদ্যালয়ের ৩০১ জন পরীক্ষার্থীর মধ্যে ১১৬ জন জিপিএ-৫সহ মোট পাস করেছে ২৮৭ জন। এর পরেই রয়েছে বেসরকারি বরিশাল উদয়ন মাধ্যমিক বিদ্যালয়। এই বিদ্যালয়ে ২৩৩ জন পরীক্ষার্থীর মধ্যে ৩৬ জন জিপিএ-৫সহ পাস করেছে ২১৮ জন পটুয়াখালী সরকারি জুবিলী উচ্চবিদ্যালয়ের ১৭২ জন পরীক্ষার্থীর মধ্যে ৩৫ জন জিপিএ-৫সহ মোট পাস করেছে ১৫৭ জন পিরোজপুর সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ১১২ জন পরীক্ষার্থীর মধ্যে ৩১ জন জিপিএ-৫সহ মোট পাস করেছে ১০০ জন। পিরোজপুর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ৭০ জন পরীক্ষার্থীর মধ্যে ২৯ জন জিপিএ-৫সহ সবাই পাস করেছে। পিরোজপুরের স্বরূপকাঠি কলেজিয়েট একাডেমি ১৩৩ জন পরীক্ষার্থীর মধ্যে ২৮ জন জিপিএ-৫সহ ১৩২ জন পাস করেছে। পিরোজপুর জেলার মঠবাড়িয়ার কেএম লতিফ ইনস্টিটিউশন-এর ১৪৮ জন পরীক্ষার্থীর মধ্যে ২৬ জন জিপিএ-৫সহ মোট পাস করেছে ১৩৯ জন। ভোলা সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ১০০ জন পরীক্ষার্থীর মধ্যে ২৬ জন জিপিএ-৫সহ মোট পাস করেছে ৯৬ জন। পটুয়াখালী সরকারি বালিকা বিদ্যালয়ের ১৪৮ জন পরীক্ষার্থীর মধ্যে ২৪ জন জিপিএ-৫সহ মোট পাস করেছে ১৩১ জন

### শতভাগ পাস ৯টি বিদ্যালয়ে

সেরা ১০টি প্রতিষ্ঠানের মধ্যে ৯টি প্রতিষ্ঠানই শতভাগ পাসের রেকর্ড করেছে বরিশাল শিক্ষা বোর্ডে। বিদ্যালয়গুলো হলো ভোলা সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ৭৪ জন, পিরোজপুর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ৭০ জন, কাউখালী সরকারি কেজি ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয়ের ৬১ জন, বরিশাল ক্যাডেট কলেজের ৪৯ জন, ঝালকাঠীর রাজাপুর আদখোলা মাধ্যমিক বিদ্যালয়ের ৪৬ জন, বরগুনার আমতলি চরকগাছিয়া মাধ্যমিক বিদ্যালয়ের ৪২ জন, একই জেলার পাথরঘাটার তাসলিমা মেমোরিয়াল একাডেমি ৩১, পিরোজপুরের স্বরূপকাঠী উপজেলার নান্নুহার ইন্দুহার ইউনাইটেড ইনস্টিটিউটের ২৭ এবং বরিশালের বানারীপাড়া আজিজুল হক মাধ্যমিক বিদ্যালয় ২১ পরীক্ষার্থীর সবাই পাস করেছে। এছাড়া শতকরা ৯৯.২৫ পাসের হার নিয়ে ১০ম স্থানে রয়েছে স্বরূপকাঠি কলেজিয়েট একাডেমি। এই বিদ্যালয়ের ১৩৩ জন পরীক্ষার্থীর মধ্যে ১৩২ জন পাস করেছে।